

সরকারি তোলারাম কলেজ

নারায়ণগঞ্জ

বিজ্ঞপ্তি

তারিখ: ২৭/০৯/২০১৮ খ্রি.

বিষয়: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) কলেজ ও বিষয় ভিত্তিক প্রকাশ করা হয়েছে। ২৭/০৯/২০১৮ থেকে ০৮/১০/২০১৮ তারিখ পর্যন্ত ওয়েব সাইটে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম পাওয়া যাবে। চূড়ান্ত আবেদন ফরমটি ইন্টারনেটে যথাযথভাবে পূরণ করে শিক্ষার্থীরা A4 সাইজের (৮.৫"×১১") অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে ভর্তির নির্ধারিত ফিসহ কলেজে জমা দিবে। ১ম মেধা তালিকায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ভর্তি ২৯/০৯/২০১৮ থেকে ০৯/১০/২০১৮ তারিখ পর্যন্ত চলবে।

ভর্তি প্রক্রিয়া

- ❖ প্রার্থী উক্ত ওয়েবসাইড থেকে আবেদন ফরম সংগ্রহ করে নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগ হতে যাচাই ও স্বাক্ষর গ্রহণ করবে। তারপর সংশ্লিষ্ট বিভাগে সেমিনার ফি জমা দিবে (বিজ্ঞান চার শিক্ষাবর্ষের জন্য- ২,২০০/- টাকা, ব্যবসায় শিক্ষা ও কলা বিভাগ চার শিক্ষাবর্ষের জন্য -১,৬০০/-)। পরবর্তীতে ভর্তির টাকা জমা দেয়ার রশিদ পূরণ করে হিসাব শাখায় ভর্তির টাকা ও আবেদন ফরম জমা দিতে হবে।
- ❖ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী কম্পিউটার প্রিন্ট কপি পাওয়ার পর স্ব স্ব বিভাগ ফলাফল সিট দেখে প্রার্থীর উত্তীর্ণ হওয়া নিশ্চিত হয়ে ভর্তি সংক্রান্ত কাজ সম্পন্ন করবেন।

ভর্তি ফি

কোর্স/বিষয়	টাকা
বিএ/বিএসএস/বিবিএ এর জন্য মোট=	৩,৪৭০/- টাকা
বিএসসি এর জন্য মোট=	৩,৫৭০/- টাকা

সময়সূচি

- ১) বিভাগ হতে আবেদন ফরম যাচাই - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর ১:৩০ মি: পর্যন্ত।
- ২) হিসাব শাখায় ক্যাশিয়ারের নিকট টাকা জমা দেয়ার সময়- সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ মি: পর্যন্ত।

ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে

- ১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও সনদপত্র জমা দিতে হবে।
- ২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার নম্বরপত্র, সনদ ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৪) শিক্ষা বিরতি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৫) ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
- ৬) ওয়েব সাইট থেকে ডাউনলোড করা ভর্তির আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র ২ সেট ফটোকপি করে কলেজে জমা দিতে হবে।

২৭/০৯/১৮
(প্রফেসর বেলা রানী সিংহ)